

তারিখ : ১৩ মার্চ, ২০২৫ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

ধর্ষণ, নারী নির্যাতন ও নিপীড়নের ঘটনায় দৃষ্টান্তমূলক শান্তির দাবিতে পিবিপ্রবিতে মানববন্ধন



দেশব্যাপী নারীদের বিরুদ্ধে সহিংসতা, নিপীড়ন, ধর্ষণ, অনলাইনে হেনস্তার প্রতিবাদে পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পিবিপ্রবি) শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা মানববন্ধন করেন। অদ্য ১৩ মার্চ বৃহস্পতিবার সকাল ১১.০০টায় প্রশাসনিক ভবনের সামনে আয়োজিত মানববন্ধনে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন।

মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম বলেন, সারাদেশে যেভাবে ধর্ষণ ও নারী নির্যাতন বেড়েছে তাতে দেশবাসী অত্যন্ত আতঙ্কিত ও উদ্ভিগ্ন। দেশে সম্প্রতি শিশু থেকে শুরু করে বৃদ্ধ ও গর্ভবতী নারীরা পর্যন্ত ধর্ষণ ও নির্যাতনের শিকার হচ্ছেন। সাম্প্রতিক সময়ের বিভিন্ন ঘটনায় মনে হচ্ছে- স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, রাস্তাঘাট কোথাও নারীরা নিরাপদ নন।

তিনি বলেন, মানবাধিকার সংগঠন আইন ও সালিশ কেন্দ্রের (আসক) তথ্য অনুযায়ী, চলতি বছরের প্রথম দুই মাসে ২৯৪ জন নারী ও শিশু নির্যাতনের শিকার হয়েছেন। ধর্ষণের শিকার হয়েছেন ৯৬ জন, যার মধ্যে ৪৪ জন শিশু। যা অত্যন্ত উদ্বেগজনক। আজকের এই মানববন্ধনের মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আপনারা ধর্ষণ, নারী নির্যাতন ও নিপীড়নের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করুন। তিনি এসব ঘটনার সাথে জড়িতদের চিহ্নিত করে দ্রুততম সময়ের মধ্যে দৃষ্টান্তমূলক শান্তি নিশ্চিত করার দাবি জানান।

একইসঙ্গে তিনি সাম্প্রতিক সময়ে ধর্ষণ ও নারী নির্যাতনের মতো ঘটনা যেভাবে বেড়ে চলছে তা দেশের বিরুদ্ধে কোনো ষড়যন্ত্র কি-না, তা খতিয়ে দেখতে অন্তর্বর্তীকালীন সরকারের প্রতি আহ্বান জানান।

মানববন্ধনে অন্যান্যদের মধ্যে বিজ্ঞান অনুষদের ডিন ড. আকতার হোসেন, গণিত বিভাগের সহকারী অধ্যাপক ড. এম এম আয়ুব হসাইন, মনোবিজ্ঞান বিভাগের প্রভাষক নাজমা আক্তার বক্তব্য রাখেন। তারা ধর্ষণ ও নারী নির্যাতনে জড়িতদের বিরুদ্ধে সরকারকে জিরো টলারেন্স নীতি গ্রহণ ও কার্যকরের আহ্বান জানান। এ ছাড়া শিক্ষার্থীদের মধ্যে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের নিবিব ইকবাল ও গণিত বিভাগের নাওমি নাওয়ারও বক্তব্য দেন।

বিশ্ববিদ্যালয়ের বিপুল সংখ্যক শিক্ষার্থী নারীদের বিরুদ্ধে সহিংসতা, নিপীড়ন, ধর্ষণ, অনলাইনে হেনস্তার প্রতিবাদে বিভিন্ন স্লোগান সম্বলিত প্ল্যাকার্ড, ব্যানার ও ফেস্টুনসহ মানববন্ধনে অংশ নিয়ে এসব ঘটনার সাথে জড়িতদের বিচার দাবি করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

স্বা/-

(মুশাহিদ হোসেন তালুকদার)

প্রকাশনা ও জনসংযোগ দপ্তর

প্রয়োজনে: ০১৫২১-২১১৩৬৩